"ছেলে হোক মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট"

গনপ্রজাতন্ত্রী বাংলদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
পরিবার পরিকল্পনা ভবন, ৯৭৫, আগ্রাবাদ, চট্টগ্রাম।
ই-মেইল ঃ dirchattogram@dgfp.gov.bd

স্মারক নং ঃ ৫৯.১১.২০০০.০০১.০৬.০৫৪.১৭.৫০৭

তারিখ ০৬ কার্তিক ১৪৩০ বাং
২২ অক্টোবর ২০২৩ খ্রি.

## সভার বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিভাগীয় পরিবার পরিকল্পনা দপ্তরসমূহের ই-গর্ভন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে (২য় ত্রৈমাসিকের ১ম সভা) আগামী ২৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় জুম প্লাটফর্মে সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। জুম আইডি এবং পাসকোড যথাসময়ে জানানো হবে।

পরিচালক মহোদয়ের সদয় অনুমোদক্রমে।

(মোস্তাফিজুর রহমান চৌধুরী)
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

বিতরন ঃ

উপপরিচালক (পরিবার পরিকল্পনা)
-------------(সকল) চট্টগ্রাম বিভাগ।

স্মারক নং ঃ ৫৯.১১.২০০০.০০১.০৬.০৫৪.১৭.

তারিখ ০৬ কার্তিক ১৪৩০ বাং
২২ অক্টোবর ২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ-

১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৩. উপপরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৪. সহকারী পরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৫. অফিস কপি।

(মোস্তাফিজুর রহমান চৌধুরী)
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

"ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তাই যথেষ্ট"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়
"পরিবার পরিকল্পনা ভবন"
৯৭৫, আগ্রাবাদ, চট্টগ্রাম।

## ১৮ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে চট্টগ্রাম বিভাগের পরিবার পরিকল্পনা কার্যালয়ে অনুষ্ঠিতব্য ই-গর্ভন্যান্স/উদ্ভাবন বিষয়ক ত্রৈমাসিক (২য় সভার কার্যবিবরণী)

সভাপতি ঃ গোলাম মোঃ আজম পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

তারিখ ঃ ১৮ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ
সময় ঃ ৩.৩০ ঘটিকা.
স্থান : জুম প্লাটফর্মে, স্ব-স্ব অবস্থানে।

উপস্থিতি ঃ চট্টগ্রাম বিভাগের সকল উপপরিচালক (পরিবার পরিকল্পনা) গণ অংশ গ্রহণ করেন।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় বলেন সরকারি কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সুশাসন সংহতকরনে ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন চর্চার গুরুত্ব অপরিসীম। পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ে সেবা প্রদান প্রক্রিয়া সহজিকরণ এবং কাজের অভ্যন্তরীন প্রক্রিয়া গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে বার্ষিক ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা গ্রহণ/ বাস্তবায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার প্রদত্ত কার্যক্রম এবং সূচক অনুযায়ী নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ঃ-

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ০১ | ই-নথির ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ প্রদান | সঠিকভাবে ই-নথির ব্যবহার নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে। | দ্রুত সময়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিটে যোগাযোগ করে তাদের মাধ্যমে উপপরিচালক, সহকারী পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মচারীদেরকে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা। | সংশ্লিষ্ট জেলার উপপরিচালক(পঃ পঃ) |
| ০২ | ই-নথির ব্যবহার নিশ্চিতকরণ | প্রশিক্ষণের পর পর্যায়ক্রমে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে ই-নথির ব্যবহার নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সবাইকে প্রশিক্ষণ প্রদানের পর বিভিন্ন পর্যায়ের দায়িত্বশীল কর্মকর্তাগণ নিজ নিজ দপ্তরে পর্যায়ক্রমে ই-নথির ব্যবহার নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট জেলার উপপরিচালক(পঃ পঃ) এবং উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ |
| ০৩ | জুম মিটিংয়ের বাৎসরিক স্লট বরাদ্দের জন্য আর্থিক চাহিদা প্রেরণ | সরকারি সিদ্ধান্ত মোতাবেক জুম প্লাটফর্মে সভাসমূহ অনুষ্ঠানের জন্য আর্থিক বরাদ্দ চাইতে হবে। | বিভাগ ও জেলা পর্যায়ে জুম প্লাটফর্মে সভাসমূহ অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ পরিচালক (এমআইএস) মহোদয়ের নিকট বাৎসরিক ১৬,০০০/- (ষোল হাজার) টাকা আর্থিক বরাদ্দ চাইবেন। | সংশ্লিষ্ট বিভাগ ও জেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ |
| ০৪ | একটি উদ্ভাবনী ধারনা/ সেবা সহজিকরণ/ ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন | বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে অন্তত একটি সেবা প্রদান কার্যক্রম সহজিকরণ/ ক্ষুদ্র উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়, চট্টগ্রাম চাকরি স্থায়ীকরণ সেবা সহজ করার জন্য নিম্নোক্ত পদক্ষেপ নিয়েছেঃ<br>*ই-মেইলে আবেদনপত্র গ্রহণ।<br>*দ্রুত যাচাই-বাছাই করে নিষ্পত্তি করা।<br>*কোন সমস্যা পাওয়া গেলে টেলিফোনে যোগাযোগ করে দ্রুত সমাধান করা।<br>*মানসম্মত সেবা প্রদান করা।<br>জেলা ও উপজেলা পর্যায়ে এ ধরণের বিভিন্ন সেবা সহজিকরণ কার্যক্রম গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট জেলার উপপরিচালক(পঃ পঃ) এবং উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | ওয়েব পোর্টাল হালনাগাদ করা ও প্রতিবেদন প্রেরণ | ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। নিয়মিত প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। নির্দেশনা মোতাবেক বাংলার সাথে ইংরেজি ভার্সন রাখতে হবে। প্রতি তিন মাস পর পর প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট জেলার উপপরিচালক(পঃ পঃ) এবং উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

গোলাম মোঃ আজম
পরিচালক (পরিবার পরিকল্পনা)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

স্মারক নং ঃ ৫৯.১১.২০০০.০০১.০৬.০৫৪.১৭.৪৫৭


তারিখ ০৪ আশ্বিন ১৪৩০ বাং
১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.


অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
২) পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা, জুম প্লাটফর্মে সভা অনুষ্ঠানের জন্য প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের অনুরোধসহ।
৩) উপপরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৪) উপপরিচালক, পরিবার পরিকল্পনা, (সকল) ..................................., চট্টগ্রাম বিভাগ।
৫) সহকারী পরিচালক (সমন্বয়), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
৬) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), ......................... উপজেলা, .......................জেলা।
৭) অফিস কপি।

মোস্তাফিজুর রহমান চৌধুরী
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

# ই-গর্ভন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সভার হাজিরা



# ই-গর্ভন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সভার ছবি

